

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ মাঘ, ১৪৩০/৩০ জানুয়ারি ২০২৪

নং ৪০.০০.০০০০.০৪২.৪৩.০০১.১৮.২—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩৪৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আইনের উপর প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য এস.আর.এম কনসালটেন্টস (SRM Consultants), বাকাউল ম্যানশন (2nd Floor), ৪২/১-খ, সেগুন বাগিচা, ঢাকা-কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে 'উপযুক্ত কর্তৃপক্ষ' হিসেবে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো :

- ক) পর্যাপ্ত প্রশিক্ষণ কক্ষের ব্যবস্থা করতে হবে।
- খ) প্রশিক্ষণ কোর্স পরিচালনার নিমিত্ত ব্যয় নির্বাহের জন্য সরকারের নিকট কোনো অর্থ বরাদ্দ চাওয়া যাবে না। এক্ষেত্রে প্রশিক্ষণ ব্যয় নির্বাহের জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে কারখানা/ প্রতিষ্ঠান হতে ফি গ্রহণের মাধ্যমে কোর্স পরিচালনা করতে পারবে।
- গ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে প্রশিক্ষণ মডিউলের অনুমোদন গ্রহণ করতে হবে।
- ঘ) অনুষ্ঠিত প্রশিক্ষণের বার্ষিক প্রতিবেদন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
- ঙ) মন্ত্রণালয় যেকোনো সময়ে 'এস.আর.এম কনসালটেন্টস (SRM Consultants)'-এর কার্যালয় এবং প্রশিক্ষণ ব্যবস্থা পরিদর্শন করার ক্ষমতা সংরক্ষণ করে।
- চ) এ বিষয়ে 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬'-এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রতিপালন করতে হবে।

(১০৪৫)

মূল্য : টাকা ৪.০০

- ছ) শর্তাদি পালনে ব্যর্থ হলে 'এস.আর.এম কনসালটেন্টস (SRM Consultants)'-কে উপযুক্ত প্রতিনিধি ঘোষণার আদেশ বাতিল করার ক্ষমতা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংরক্ষণ করে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আব্দুল কাদের
উপসচিব।